

## 💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ৬৯

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ দুনিয়ার সুখ ও দুঃখ আখেরাতে মূল্যহীন

## আরবী

96- عَنْ أَنَسٍ \_رَضِيَ اللَّهُ عَنْهُ \_ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ: «يُوْتَى بِأَشَدِ النَّاسِ كَانَ بَلاَءً فِي الدُّنْيَا مِنْ أَهْلِ الْجَنَّةِ، فَيَقُولُ: اصْبُغُوهُ صَبْغَةً فِي الْجَنَّةِ فَيَ الْجَنَّةِ فَيَصْبُغُونَهُ فِيهَا صَبْغَةً، فَيَقُولُ اللَّهُ عَنَّ وَجَلَّ: يَا ابْنَ آدَمَ هَلْ رَأَيْتَ بُوْسًا قَطُّ أَوْ شَيْئًا تَكْرَهُهُ وَلَّ ابْنَ آدَمَ هَلْ رَأَيْتَ بُوْسًا قَطُّ أَوْ شَيْئًا تَكْرَهُهُ وَلَّ ابْنَ آدَمَ هَلْ رَأَيْتَ بُوْسًا قَطُّ أَوْ شَيْئًا تَكْرَهُهُ وَلَّ أُمَّ يُوْتَى بِأَنْعَمِ النَّاسِ كَانَ فِي الدُّنْيَا مِنْ أَهْلِ النَّارِ، فَيَقُولُ: لَا وَعِزَّتِكَ مَا رَأَيْتُ شَيْئًا أَكْرَهُهُ قَطُّ ، ثُمَّ يُوثْتَى بِأَنْعَمِ النَّاسِ كَانَ فِي الدُّنْيَا مِنْ أَهْلِ النَّارِ، فَيَقُولُ: اصْبُغُوهُ فِيهَا صَبْغَةً، فَيَقُولُ: يَا ابْنَ آدَمَ هَلْ رَأَيْتَ خَيْرًا قَطُّ؟ قُرَّةَ عَيْنٍ قَطُّ . ( حم, م, جه ) عَيْنٍ قَطُّ ، فَيَقُولُ: لَا وَعِزَّتِكَ مَا رَأَيْتُ خَيْرًا قَطُّ وَلَا قُرَّةَ عَيْنٍ قَطُّ » . ( حم, م, جه ) صحيح

## বাংলা

৬৯. আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "দুনিয়াতে সবচেয়ে বেশী কষ্টভোগকারী জান্নাতিকে হাজির করা হবে, অতঃপর তিনি বলবেন: জান্নাতে তাকে ভালভাবে ঢোকাও, ফলে তাকে তারা ভালভাবে জান্নাতে ঢুকাবে। অতঃপর আল্লাহ তা'আলা বলবেন: হে বনি আদম, তুমি কখনো কষ্ট অথবা তোমার অপছন্দ কিছু দেখেছ? সে বলবে: না, তোমার ইজ্জতের কসম আমি কখনো আমার অপছন্দ বস্তু দেখিনি। অতঃপর দুনিয়াতে সবচেয়ে বেশী সুখভোগকারী জাহান্নামীকে হাজির করা হবে, অতঃপর তিনি বলবেন: তাকে ভালভাবে জাহান্নামে ডুবাও, অতঃপর তিনি বলবেন: হে বনি আদম, তুমি কখনো কল্যাণ ও আরামদায়ক বস্তু দেখেছ? সে বলবে: না, তোমার ইজ্জতের কসম আমি কখনো কল্যাণ ও আরামদায়ক বস্তু দেখিনি"। [মুসলিম, আহমদ ও ইব্ন মাজাহ] হাদিসটি সহিহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন